গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
গবেষণা-২ অধিশাখা
www.moa.gov.bd

নম্বর : ১২.০৭.০০০০.০৬৪.১১.০০২.১৫.৩৯৩

১৭ কার্তিক ১৪২৩
০১ নভেম্বর ২০১৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৭ নভেম্বর ২০১৫ তারিখের ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৯৭০/২০১৫/২৪৪ সংখ্যক স্মারকের সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রত্যয়ন ও স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে তুলা উন্নয়ন বোর্ডের ১ম শ্রেণির নন-ক্যাডার 'তুলা উন্নয়ন কর্মকর্তা' পদে নিম্নবর্ণিত প্রার্থীকে শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ করা হলো:

প্রার্থীর নাম ও ঠিকানা	রেজিঃ নম্বর	নিজ জেলা
নুসরাত জাহান (মুক্তিযোদ্ধার সন্তান) পিতা-মোহাম্মদ আলী হোল্ডিং নম্বর-১৫, সাতাইল রোড গ্রাম- গাজীপুরা (পশ্চিম পাড়া), ডাকঘর-এরশাদনগর, থানা- টংগী, জেলা-গাজীপুর ।	০০০০২৯	গাজীপুর

শর্তাবলী :

ক) তিনি জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেড (টাকা ২২,০০০-৫৩,০৬০/-) অনুযায়ী বেতন এবং প্রচলিত সরকারী নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি পাবেন ;

খ) তাঁকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

ঘ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

ঙ) বিপিএসসির সুপারিশের ভিত্তিতে ও প্রচলিত বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

চ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

ছ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

জ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে;

ঝ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।

(চলমান পাতা-২)

০২। বর্ণিত প্রার্থী আগামী ২০ নভেম্বর ২০১৬ তারিখ নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকায় যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০১/১১/১৬

মোহাম্মদ দাউদুল ইসলাম
উপসচিব
ফোন: ৯৫৪০৬০৩

নম্বর : ১২.০৭.০০০০.০৬৪.১১.০০২.১৫.৩৯৩

১৭ কার্তিক ১৪২৩
০১ নভেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৫. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৯. প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১০. বেগম নুসরাত জাহান, পিতা-মোহাম্মদ আলী, হোল্ডিং নম্বর-১৫, গ্রাম-গাজীপুরা (পশ্চিম পাড়া), ডাকঘর-এরশাদনগর, থানা- টংগী, জেলা- গাজীপুর।